



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা



২০২১-২২ অর্থবছরে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৭ম সভার কার্যবিবরণী।

সভাপতি	মোহাম্মদ ইলিয়াস হোসেন যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার
সভার তারিখ	২৮ এপ্রিল ২০২২
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	যুগ্মসচিব (প্রশাসন) এর অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-১

২০২১-২২ অর্থবছরের উদ্ভাবন বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৭ম সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য-সচিব ও উপসচিব (প্রশাসন-২) মোহাম্মাৎ ফারহানা রহমান সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি নিয়ে আলোচনা করেন। তিনি বলেন যে, উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনার কার্যক্রম ১.৩-এ একটি ডিজিটাল সেবা বাস্তবায়নের লক্ষ্যে এ বিভাগের স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যারটির পাইলটিং করা হয়েছে এবং গত ৩০ ডিসেম্বর ২০২১ তারিখে অফিস আদেশ জারি করা হয়। উক্ত সফটওয়্যারটি ভেভরের নিকট হতে বুঝে নেয়া এবং আপগ্রেডেশনের অগ্রগতি জানার জন্য প্রশাসন-১ অধিশাখাকে নির্দেশনা প্রদান করা প্রয়োজন। এ বিষয়ে ত্বরিত ব্যবস্থা নেয়ার জন্য সভাপতি প্রশাসন-১ অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।

২। সদস্য-সচিব আরো উল্লেখ করেন যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত তিন দিনের প্রশিক্ষণটি আগামী ২৯-৩১ মে এবং চতুর্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক এক দিনের কর্মশালা আগামী জুন মাসের প্রথম সপ্তাহে আয়োজন করা হবে মর্মে বাজেট অধিশাখা হতে জানা গেছে। সভাপতি কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণ ও কর্মশালাগুলো আয়োজনের জন্য গুরুত্বারোপ করেন।

০৩। সভার বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	বিবরণ	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
৩.১	আগামী ৩০ মে ২০২২ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৮ম সভা আয়োজন করতে হবে;	সদস্য-সচিব
৩.২	“একটি ডিজিটাল সেবা” হিসেবে স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যারটির আপগ্রেডেশন ও ভেভরের কাছ থেকে মে ২০২২ মাসের মধ্যে বুঝে নিতে হবে;	প্রশাসন-১ অধিশাখা ও প্রোগ্রামার
৩.৩	একটি উদ্ভাবনী সেবা হিসেবে “এ বিভাগের করিডোরে CCTV ক্যামেরা স্থাপন করা” সেবাটি নির্ধারিত ফরমেটে ডকুমেন্টেশন তৈরি করতে হবে;	প্রশাসন-১ অধিশাখা

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোহাম্মদ ইলিয়াস হোসেন
যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন
অফিসার

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৪.১৮.৬৬

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪২৯
১৬ মে ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ২) উপসচিব, অপারেশন-২ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৫) উপসচিব, বাজেট অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৬) সহকারি মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের দপ্তর (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার মহোদয়ের সদয় অবগতির জন্য]



মোছাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব